# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৯৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪১. উভয়ের লজ্জাস্থান একত্রে মিলিত হলে গোসল ওয়াজিব হবে, যদিও বীর্যপাত না হয়

بَابٌ فِي وُجُوبِ الْغُسْلِ بِالْتِقَاءِ الْخِتَانَيْنِ وَإِنْ لَمْ يُنْزِلْ

আরবী

نَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا الْحَسَّانِيُّ ، نَا وَكِيعٌ ، نَا الأَعْمَشُ ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ ، عَنْ كُرَيْبٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، عَنْ خَالَتِهِ مَيْمُونَةَ قَالَتْ : " وَضَعْتُ لِرَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ غُسْلا ، فَاغْتَسَلَ مِنَ الْجَنَابَةِ ؛ فَأَكْفَأَ الإِنَاءَ بِشِمَالِهِ عَلَى يَمِينِهِ ، فَغَسَلَ كَفَّيْهِ ثَلاثًا ثَلاثًا ، ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الإِنَاءِ ، فَأَفَاضَ عَلَى فَرْجِهِ ، ثُمَّ قَالَ بِيَدِهِ عَلَى الْحَائِطِ أَوْ بِالأَرْضِ ، ثُمَّ مَضْمَضَ وَاسْتَنْشَقَ ، وَغَسَلَ وَجْهَهُ وَذِرَاعَيْهِ ، ثُمَّ أَفَاضَ عَلَى سَائِرِ جَسَدِهِ الْمَاءَ ، ثُمَّ تَنَحَّى فَغَسَلَ رِجْلَيْهِ

বাংলা

৩৯৮(১৪). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... মায়মূনা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গোসলের জন্য পানি রাখলাম এবং তিনি তা দিয়ে সহবাস জনিত নাপাকির গোসল করলেন । তিনি তাঁর বাম হাতে পানির পাত্র কাত করে ডান হাতে পানি ঢেলে উভয় হাত কজি পর্যন্ত তিনবার করে ধৌত করেন। তারপর পানির পাত্রে হাত ডুবিয়ে পানি নিয়ে তা তাঁর লজ্জাস্থানে প্রবাহিত করেন। তারপর দেয়ালে অথবা মাটিতে হাত ঘষেন। তারপর কুলি করেন এবং নাক পরিষ্কার করেন, মুখমণ্ডল ও বাহুদ্বয় ধৌত করেন। তারপর সমস্ত শরীরে পানি প্রবাহিত করেন। তারপর একদিকে সরে গিয়ে উভয় পা ধৌত করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80187

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন